**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ,** ১৪**৩২** বঙ্গাব্দ/ **২৯ মে**, ২০**২৫** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং** ২৩২-**আইন/২০২৫/**৫৪/**কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১০৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সাধারণ বন্ড বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ৫ এর-

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত আবেদন পর্যালোচনাপূর্বক সরাসরি রপ্তানিমুখী ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের ওয়্যারহাউস লাইসেন্স নবায়ন থাকিলে এবং নিরীক্ষা হালনাগাদ থাকিলে ১ (এক) বৎসরের জন্য সাধারণ বন্ড জারি করা যাইবে।";

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৩) সরাসরি রপ্তানিমুখী (নীট, ওভেন ও সুয়েটার প্রস্তুতকারী) শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়্যারহাউস লাইসেন্স নবায়ন থাকিলে নিম্নবর্ণিত ক্ষেত্রে ৩ (তিন) বৎসর মেয়াদি সাধারণ বন্ড সম্পাদন করা যাইবে, যথা:-

(ক) যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম হালনাগাদ রহিয়াছে;

(খ) নিরীক্ষা সংক্রান্ত সমুদয় দলিলাদি জমা প্রদান করা হইয়াছে, কিন্তু কোনো যৌক্তিক

কারণে কাস্টমস কর্তৃপক্ষ নিরীক্ষা সম্পন্ন করিতে পারে নাই এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোনো অসহযোগিতা ছিল না; এবং

(গ) গত ৩ (তিন) বৎসরের মধ্যে ২ (দুই) বৎসরের নিরীক্ষা সম্পন্ন রহিয়াছে কিন্তু নিরীক্ষার জন্য তৃতীয় বৎসরের সকল আনুষঙ্গিক দলিলাদি জমা দেয়া হয় নাই।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।